রোনাল্ডোর বিশ্বরেকর্ড

ফুটবলে নয়, এবার অন্য মাধ্যমে বিশ্বরেকর্ড গড়লেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। সম্প্রতি নিজের ইউটিউব চ্যানেল খুলেছেন ফুটবলের মহাতারকা। আর সেই চ্যানেল আত্মপ্রকাশের মাত্র দেড় ঘণ্টার মধ্যে সাবস্ক্রাইবার সংখ্যা ছাড়িয়েছে ১০ লক্ষ, যা ইউটিউবের ইতিহাসে প্রথম।

ইংল্যান্ডে পাঁচটি টেস্ট খেলবে ভারত

আজকালের প্রতিবেদন

ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপের পরবর্তী সাইকেল শুরু হবে আগামী বছর। চলবে ২০২৭ পর্যন্ত। ভারতের অভিযান শুরু হবে ইংল্যান্ড সফর দিয়ে। দুই দেশের সিরিজ হবে পাঁচটি টেস্টের। ২০২৫-এর জুন-আগস্টে। খেলাগুলো হবে লিডস, বার্মিংহাম, লর্ডস, ম্যাঞ্চেস্টার এবং ওভালে। লিডসের হেডিংলেতে প্রথম টেস্ট শুরু হবে ২০ জুন, চলবে ২৪ জুন পর্যন্ত। দ্বিতীয় টেস্ট হবে বার্মিংহামের এজবাস্টনে ২-৬ জুলাই। তৃতীয় টেস্ট হবে ঐতিহাসিক লর্ডসে। ১০-১৪ জুলাই। চতুর্থ টেস্টের আগে একটা লম্বা বিরতি। ম্যাঞ্চেস্টারের ওল্ড ট্র্যাফোর্ডে চতুর্থ টেস্ট হবে ২৩-২৭ জুলাই। পঞ্চম ও শেষ টেস্ট হবে ওভালে, ৩১ জুলাই-৪ আগস্ট। পাঁচটি টেস্টের স্থান নির্বাচন থেকেই পরিষ্কার, ইংল্যান্ডের সুইং বোলাররা পিচ থেকে সুবিধে আদায়ের মরিয়া চেষ্টা চালাবেন, যা ভারতীয় ব্যাটারদের কাছে বেশ চ্যালেঞ্জিং হতে চলেছে।

চ্যালেঞ্জ নিতে প্রস্তুত গ্রিন

আজকালের প্রতিবেদন

বর্ডার-গাভাসকার সিরিজ শুরু হতে এখনও তিন মাস বাকি। কিন্তু এখন থেকেই যেন আবহ তৈরি। ঘরের মাঠে ভারতের বিরুদ্ধে শেষ দুই সিরিজে হারতে হয়েছে অসিদের। একবার ২০১৮-১৯ মরশুমে, পরেরবার ২০২০-২১ মরশুমে। এই দুই সিরিজের হার যেন কাঁটা হয়ে বিঁধছে। তাই এখন থেকেই ভারতের বিরুদ্ধে টেস্ট সিরিজের ভাবনা ঢুকে পড়েছে।

পাকিস্তান, ওয়েস্ট ইন্ডিজ ও নিউজিল্যান্ডের বিরুদ্ধে শেষ তিনটি টেস্ট সিরিজ খেলেছে অস্ট্রেলিয়া। তিনটি সিরিজেই বোলিং আক্রমণ মোটামুটি একইরকম ছিল। প্যাট কামিন্স, মিচেল স্টার্ক, জস হ্যাজেলউড— এই তিন জোরে বোলারের ওপরই ভরসা রেখেছিল অসিরা। কিন্তু ভারতের বিরুদ্ধে বড় ভূমিকা নিতে পারেন ক্যামেরন গ্রিন, এমনটাই মনে করছেন অধিনায়ক কামিন্স। গ্রিনও তৈরি। তাঁর কথায়, 'আমার কাছে এই সিরিজটা অন্যরকম হয়ে উঠতে পারে। জানি, আমাকে দ্বৈত ভূমিকা পালন করতে হবে। দল যখন যেভাবে ব্যবহার করতে চাইবে, আমি তৈরি।' প্রসঙ্গত, শেষ চার টেস্টে গ্রিন হাত ঘোরানোর সুযোগ পেয়েছেন মাত্র ৪২ ওভার। অর্থাৎ, টেস্টপিছু ১১ ওভারেরও কম। তবে ব্যাটার হিসেবে তাঁকে তুলে আনা হয়েছে চার নম্বরে।

টেবিল টেনিস ছাড়লেন অর্চনা

আজকালের প্রতিবেদন

পড়াশোনায় আরও মন দিতে চান। তাই নিজের অতি প্রিয় টেবিল টেনিসই ছেড়ে দিলেন ভারতের নামী মহিলা টিটি তারকা অর্চনা কামাথ। এই তো কয়েকদিন আগেই তিনি ছিলেন প্যারিস অলিম্পিকের ভারতীয় দলে। মণিকা বাত্রা, সৃজা আকুলা এবং অর্চনা, এই ত্রয়ী ভারতকে তুলেছিলেন কোয়ার্টার ফাইনালে। জার্মানির বিরুদ্ধে শেষ আটের লড়াইয়ে তাঁর থেকে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে অনেক এগিয়ে থাকা মণিকা, সৃজারা সুবিধে করতে না পারলেও নিজের ম্যাচটি জিতেছিলেন অর্চনা। দেশে ফিরে টিটির ব্যাট-বল তুলে রাখার সিদ্ধান্ত নিলেন বছর চব্বিশের বেঙ্গালুরু তনয়া। মিশিগান ইউনিভার্সিটিতে মাস্টার্স করবেন পাবলিক পলিসি নিয়ে।

খেলার সঙ্গে কোনওদিনই তাঁর সঙ্ঘাত ছিল না। বরং দুটোই উপভোগ করতেন সমানভাবে। পড়াশোনায় বরাবরই অর্চনা তুখোড়। স্কুলের দশম ও দ্বাদশ শ্রেণির পরীক্ষায় তিনিই ছিলেন শীর্ষে। অর্চনা পেয়েছিলেন ৯৮.৭ এবং ৯৭ শতাংশ নম্বর। অর্চনা কিন্তু আগেই ইন্টারন্যাশনাল রিলেশনস নিয়ে পোস্ট গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছেন। আপাতত মিশিগানে অর্চনাকে ব্যস্ত থাকতে হবে দু'বছর। তারপর ইচ্ছে আছে দেশে ফিরে অর্থনীতিবিদ হিসেবেই কাজ করার। ক্রীড়াবিদ হিসেবে অর্চনার আদর্শ দুই টেনিস তারকা রাফায়েল নাদাল এবং কার্লোস আলকারাজ, যাঁদের সঙ্গে তাঁর দেখা হয়েছিল প্যারিসের গেমস ভিলেজে। আবার অর্থনীতিবিদ হিসেবে অর্চনার আইডল সঞ্জীব সান্যাল। খেলার কেরিয়ারের তুলনায় আরও বেশি অর্থ উপার্জনের জন্য কিন্তু তিনি এমন সিদ্ধান্ত নেননি, পরিষ্কার জানিয়েছেন অর্চনা। আমেরিকা থেকেই ফোনে সংবাদ সংস্থাকে তিনি বলেছেন, 'টেবিল টেনিস খেলতে যতটা ভালবাসি, ঠিক ততটাই ভালবাসি পড়াশোনা করতে। গত বছরই মিশিগানে এই কোর্স নিয়ে আমি খোঁজখবর নিয়েছিলাম। কিন্তু দল হিসেবে এই প্রথম আমরা অলিম্পিকে যোগ্যতা অর্জন করায় তখন ঠিক করি খেলার ওপরই বেশি ফোকাস করব। দেশের হয়ে খেলা বিরাট সম্মানের। এবার মন থাকবে পড়াশোনাতেই।' অর্চনার বাবা-মা দু'জনেই অপথ্যালমোলজিস্ট। ভাই আমেরিকাতেই পিএইচডি করছেন এয়ারোস্পেস ইঞ্জিনিয়ারিং নিয়ে।

প্রিয় টেবিল টেনিসকে বিদায় জানালেন অর্চনা।

খেলার খুচরো

লখনউয়ে ডার্বি

নবাবের শহরে কলকাতা ডার্বি। উত্তরপ্রদেশে ফুটবলের প্রসারে ইস্টবেঙ্গল বনাম মোহনবাগান প্রীতি ম্যাচের আয়োজন করছে সেরাজ্যের ফুটবল সংস্থা। এআইএফএফ সভাপতি কল্যাণ চৌবেও বিষয়টি নিয়ে উদ্যোগী হয়েছেন। আগামী ২ সেপ্টেম্বর ম্যাচটি হবে লখনউয়ে।

আনোয়ারের বৈঠক

আনোয়ার আলিকে নিয়ে প্লেয়ার স্ট্যাটাস কমিটির গুরুত্বপূর্ণ বৈঠক ছিল বৃহস্পতিবার। অনলাইন বৈঠকে ছিলেন সব পক্ষের আইনজীবী। জরিমানা এবং অন্য শাস্তি নিয়ে সিদ্ধান্ত হওয়ার কথা ছিল। কোনও সিদ্ধান্ত জানানো হয়নি। শুক্রবার সিদ্ধান্ত জানানো হতে পারে।

সোচ্চার বিনেশ

ফের সোচ্চার বিনেশ ফোগাট। কুস্তি ফেডারেশনের প্রাক্তন সভাপতি ব্রিজভূষণ সিংয়ের বিরুদ্ধে প্রতিবাদ জানানো মহিলা কুস্তিগীরদের নিরাপত্তা তুলে নেওয়া হয়েছে। দিল্লি পুলিশ, মহিলা কমিশনের নজরে আনলেন বিনেশ।

জাহিরকে প্রস্তাব

গৌতম গম্ভীরের ছেড়ে যাওয়া পদে বসার জন্য প্রস্তাব গেল জাহির খানের কাছে। লখনউ সুপার জায়ান্টসের নতুন মেন্টর হতে পারেন তিনি।

জোড়া শতরানে স্বস্তিতে পাকিস্তান

শতরানের পর মহম্মদ রিজওয়ান।

আজকালের প্রতিবেদন

প্রথম দিন থাবা বসিয়েছিল বৃষ্টি। খেলা হয়েছিল মাত্র ৪১ ওভার। রাওয়ালপিন্ডিতে প্রথম টেস্টের দ্বিতীয় দিন জোড়া শতরানের সুবাদে বেশ ভাল জায়গায় পাকিস্তান। দিনের শেষবেলায় ৪৪৮/৬ অবস্থায় ইনিংস ছাড়ল পাকিস্তান।

প্রথম দিন একসময় ১৬ রানে ৩ উইকেট হারিয়েছিল পাক ব্রিগেড। দিনের শেষে রান ছিল ১৫৮/৪। আগের দিন অপরাজিত থাকা দুই ব্যাটারই শতরান পেলেন। সাউদ সাকিল করলেন ১৪১ রান। টেস্টে এটি ছিল সাকিলের ৩ নম্বর শতরান। মহম্মদ রিজওয়ান অপরাজিত রইলেন ১৭১ রানে। রিজওয়ানেরও এটি তৃতীয় টেস্ট শতরান। সেইসঙ্গে তিনটি শতরানের ক্ষেত্রেই তিনি অপরাজিত রইলেন। প্রথম দিনই বিপর্যয় সামাল দিয়েছিল সাকিল-রিজওয়ান জুটি। দ্বিতীয় দিনেও তাঁরাই এগিয়ে নিয়ে গেলেন পাকিস্তানকে। তাঁদের পঞ্চম উইকেটের জুটিতে উঠল ২৪০ রান। এই জুটিই বেশ সমীহ করার মতো জায়গায় এনে দিল পাকিস্তানকে। এই জুটি ভেঙে যাওয়ার পর ১৯ রানে ফিরলেন আঘা সলমন। তারপর পাকিস্তানও আর বেশিক্ষণ ইনিংস টেনে নিয়ে যাওয়ার চেষ্টা করেনি। প্রথমদিন বৃষ্টির জন্য যেহেতু প্রায় ৫০ ওভার কম খেলা হয়েছে, তাই সময় নষ্ট করতে চায়নি পাকিস্তান। বাংলাদেশের বোলারদের মধ্যে শরিফুল ইসলাম ও হাসান মামুদ নিলেন দুটি করে উইকেট। দিনের শেষে বাংলাদেশ বিনা উইকেটে ২৭। এই সিরিজে দুটি টেস্ট হওয়ার কথা। পরের টেস্টও রাওয়ালপিন্ডিতে, ৩০ আগস্ট থেকে।

টেস্টে ভাল জায়গায় ইংল্যান্ড

আজকালের প্রতিবেদন: ম্যাঞ্চেস্টার টেস্টে ভাল জায়গায় ইংল্যান্ড। প্রথমদিন ২৩৬ রানে গুটিয়ে যায় শ্রীলঙ্কা। দ্বিতীয় দিনের শেষে ইংল্যান্ডের রান ২৫৯/৬। প্রথম দিন শ্রীলঙ্কা শুরুতেই পড়েছিল বিপর্যয়ের মুখে। একসময় ৪০ রানে ৪ উইকেট হারিয়েছিল। সেখানে দ্বিতীয় দিন চা-বিরতির সময় ইংল্যান্ডের রান ছিল ১৭৮/৪।

দুই ওপেনার বেন ডাকেট (১৮) ও ডান লরেন্স (৩০) শুরুতে নির্ভরতা দিলেও অধিনায়ক ওলি পোপ ফিরলেন মাত্র ৬ রানে। পরের দিকে ইংল্যান্ডকে আরও ভদ্রস্থ জায়গায় এনে দিলেন জো রুট (৪২) ও হ্যারি ব্রুক (৫৬)। শ্রীলঙ্কার রানকে ছাপিয়ে যাওয়ার ক্ষেত্রে বড় ভূমিকা নিলেন জেমি স্মিথ। দিনের শেষে তিনি অপরাজিত রইলেন ৭২ রানে। শ্রীলঙ্কার বোলারদের মধ্যে তিনটি উইকেট নিয়েছেন আসিথা ফার্নান্দো। এই সিরিজে তিনটি টেস্ট হওয়ার কথা। পরের দুই টেস্ট লর্ডস ও ওভালে।

কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড

স্থাবর সম্পত্তির ই-নিলাম তথা বিক্রয় বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ২৭, বিকেসি, সি-২৭, জি ব্লক, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (ইস্ট), মুম্বই-৪০০০৫১
ব্রাঞ্চ অফিস: ৫ম তল, ডি ব্লক, ২২, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬, পশ্চিমবঙ্গ এছাড়াও: তৃতীয় তল অম্বাদীপ, ১৪ কস্তুরবা গান্ধী মার্গ, নিউ দিল্লি-১১০০০১ কর্পোরেট আইডেন্টি নাম্বার-L65110MH1985PLC038137, www.kotak.com

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) এবং ৯(১) এর সংস্থান সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর সম্পত্তির বিক্রয়ের জন্য ই-নিলাম তথা বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ/ এবং/অথবা বন্ধকদাতাগণের পাশাপাশি জনসাধারণের প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা)-এর কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য এবং কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত অফিসার দ্বারা ২৮.০২.২০২৪ তারিখে ব্যবহারিক দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তির ঋণগ্রহীতা/বন্ধকদাতা: **১) মনপুরিয়া অ্যাগ্রো প্রোডাক্টস প্রাইভেট লিমিটেড, ২) মনপুরিয়া কনসর্টিয়াম এলএলপি (পূর্বে মেসার্স মনপুরিয়া এন্টারপ্রাইসেস নামে পরিচিত) ৩) মনপুরিয়া রিয়েলটরস প্রাঃ লিঃ (পূর্বে মেসার্স মা তারা স্টোর্স নামে পরিচিত) এবং জামিনদাতাগণ ১. শ্রী বরুণ মনপুরিয়া ২. শ্রী অমিত মনপুরিয়া ৩. শ্রী বিষ্ণু কুমার মনপুরিয়া ৪. শ্রীমতী অর্চনা দেবী মনপুরিয়া ৫. শ্রীমতী বসুধা মনপুরিয়া এবং ৬. শ্রী অরবিন্দ বোস**-এর থেকে ২০.১১.২০১৯ তারিখের দাবি বিজ্ঞপ্তি অনুসারে **৩১ অক্টোবর, ২০১৯** তারিখের ভিত্তিতে কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা)-এর পাওনা অর্থাঙ্ক বাবদ **₹১৬,২৪,৮৯,২৫১.০৫/- (ষোল কোটি চব্বিশ লক্ষ উননব্বই হাজার দুশো একান্ন টাকা এবং পাঁচ পয়সা মাত্র)** তৎসহ আদায়ের তারিখ পর্যন্ত তার উপর চুক্তিভিত্তিকে চক্রবৃদ্ধি হারে পুনরায় সুদ এবং অন্যান্য চার্জসমূহ পুনরুদ্ধারের জন্য **২৬.০৯.২০২৪ তারিখে 'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেমন আছে তেমন'** ভিত্তিতে ই নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।

নিলামের জন্য স্থাবর সম্পত্তির বিবরণ, সংরক্ষণ মূল্য, বায়না জমা এবং নিলামের সূচি নিম্নলিখিত:

ক্রম নং	বন্ধকদাতাগণের নাম	ই নিলামের জন্য স্থাবর সম্পত্তির বিবরণ	অনলাইন বিড জমার শেষ তারিখ / ই-নিলামের তারিখ এবং সময়	সংরক্ষণ মূল্য (টাকায়) / বায়না জমা (ইএমডি) (টাকায়)
১.	মনপুরিয়া কনসর্টিয়াম এলএলপি (পূর্বে মেসার্স মনপুরিয়া এন্টারপ্রাইসেস নামে পরিচিত)	ক) স্বস্তিক এনক্লেভ নামে বি+জি+৫ বহুতলের ফিফথ ফ্লোরে অফিস স্পেস নং ৫০৪ এর সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মাপ প্রায় ৮৯০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া), মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৭, জমির প্লটের উপর নির্মিত, ৭, সিব্বি দত্ত লেন, থানা জোড়াবাগান, কলকাতা পুরনিগমের অধীন ওয়ার্ড নং ২৪, গণপত বাগলা রোড, থানা জোড়াবাগান, কলকাতা-৭০০০০৭, একটি কার পার্কিং সহ, বিদ্যমান বিল্ডিং এবং কাঠামো সহ এবং বন্ধকের তারিখের পর যে কোনও সময় নির্মিত কাঠামো সহ এবং সংযুক্ত সমস্ত কিছু এবং আসবাবপত্র এবং জমির সঙ্গে যুক্ত প্ল্যান্ট এবং মেশিনারি অথবা বর্তমান এবং ভবিষ্যতের স্থায়ীভাবে যুক্ত সমস্ত কিছু। **স্বত্বাধিকারী মনপুরিয়া এন্টারপ্রাইসেস, প্রতিনিধিত্বকারী ইহার একমাত্র স্বত্বাধিকারী শ্রী অমিত মনপুরিয়া।** সম্পত্তির চৌহদ্দি: পূর্বে: ১৮ ফুট চওড়া রাস্তা, পশ্চিমে: প্রেমিসেস নং ২৪, দর্পনারায়ণ টেগোর রোড স্ট্রিট এবং ২ গণপত বাগলা রোড, উত্তরে: ১৮ ফুট চওড়া রাস্তা, দক্ষিণে: প্রেমিসেস নং ২৩/১ এবং ২৩/২ দর্পনারায়ণ টেগোর রোড স্ট্রিট।	২৫.০৯.২০২৪ বিকাল ৪.০০টা পর্যন্ত / ২৬.০৯.২০২৪ সকাল ১১.০০টা থেকে দুপুর ২.০০টার মধ্যে	₹১,০৬,৮০,০০০.০০/- (এক কোটি ছয় লক্ষ আশি হাজার টাকা মাত্র) / ₹১০,৬৮,০০০/- (দশ লক্ষ আটষট্টি হাজার টাকা মাত্র)
২.	মনপুরিয়া অ্যাগ্রো প্রোডাক্টস প্রাইভেট লিমিটেড	সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, জি+৬ সম্পূর্ণ বাণিজ্যিক বিল্ডিংয়ের ফিফথ ফ্লোরে অফিস স্পেস নং ৫০৩, মাপ প্রায় ৬২৫ বর্গফুট (বিল্ট আপ এরিয়া), মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১, যোগেন্দ্র কবিরাজ রো, থানা পোস্তা, মিউনিসিপ্যাল ওয়ার্ড নং ২৩, কলকাতা-৭০০০০৭ বিদ্যমান বিল্ডিং এবং কাঠামো সহ এবং বন্ধকের তারিখের পর যে কোনও সময় নির্মিত কাঠামো সহ এবং সংযুক্ত সমস্ত কিছু এবং আসবাবপত্র এবং জমির সঙ্গে যুক্ত প্ল্যান্ট এবং মেশিনারি অথবা বর্তমান এবং ভবিষ্যতের স্থায়ীভাবে যুক্ত সমস্ত কিছু। **স্বত্বাধিকারী মনপুরিয়া অ্যাগ্রো প্রোডাক্টস প্রাইভেট লিমিটেড, প্রতিনিধিত্বকারী ইহার ডিরেক্টর শ্রী অমিত মনপুরিয়া।** সম্পত্তির চৌহদ্দি: পূর্বে: ১০ বৈকুণ্ঠ সেন লেন, পশ্চিমে: কেএমসির রাস্তা, যোগেন্দ্র কবিরাজ রো, উত্তরে: ৩৭, কালী কৃষ্ণ ঠাকুর স্ট্রিট, দক্ষিণে: ৩ নং যোগেন্দ্র কবিরাজ রো।		₹১,২৮,৬৫,০০০.০০ (এক কোটি আঠাশ লক্ষ পঁয়ষট্টি হাজার টাকা মাত্র) / ₹১২,৮৬,৫০০/- (বারো লক্ষ ছিয়াশি হাজার পাঁচশো টাকা মাত্র)
৩.	মনপুরিয়া রিয়েলটরস প্রাঃ লিঃ (পূর্বে মেসার্স মা তারা স্টোর্স নামে পরিচিত)	স্বস্তিক এনক্লেভ নামে বি+জি+৫ বহুতলের ফিফথ ফ্লোরে অফিস স্পেস নং ৫০৩ এর সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মাপ প্রায় ৮৯০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া), বেসমেন্ট ফ্লোরে একটি কার পার্কিং স্পেস সহ নং ৩৯, মাপ প্রায় ৯০ বর্গফুট, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৭, সিব্বি দত্ত লেন, থানা জোড়াবাগান, কলকাতা পুরনিগমের অধীন ওয়ার্ড নং ২৪, গণপত বাগলা রোড, থানা জোড়াবাগান, কলকাতা-৭০০০০৭, একটি কার পার্কিং সহ, বিদ্যমান বিল্ডিং এবং কাঠামো সহ এবং বন্ধকের তারিখের পর যে কোনও সময় নির্মিত কাঠামো সহ এবং সংযুক্ত সমস্ত কিছু এবং আসবাবপত্র এবং জমির সঙ্গে যুক্ত প্ল্যান্ট এবং মেশিনারি অথবা বর্তমান এবং ভবিষ্যতের স্থায়ীভাবে যুক্ত সমস্ত কিছু। **স্বত্বাধিকারী মা তারা স্টোর্স, প্রতিনিধিত্বকারী ইহার একমাত্র স্বত্বাধিকারী শ্রী বিষ্ণু কুমার মনপুরিয়া।** সম্পত্তির চৌহদ্দি: পূর্বে: ১৮ ফুট চওড়া রাস্তা, পশ্চিমে: প্রেমিসেস নং ২৪, দর্পনারায়ণ টেগোর রোড স্ট্রিট এবং ২ গণপত বাগলা রোড, উত্তরে: ১৮ ফুট চওড়া রাস্তা, দক্ষিণে: প্রেমিসেস নং ২৩/১ এবং ২৩/২ দর্পনারায়ণ টেগোর রোড স্ট্রিট।		₹১,১৪,৮০,০০০.০০ (এক কোটি চৌদ্দ লক্ষ আশি হাজার টাকা মাত্র) / ₹১১,৪৮,০০০/- (এগারো লক্ষ আটচল্লিশ হাজার টাকা মাত্র)

সম্ভাব্য ক্রেতাগণের আগাম অনুরোধক্রমে এবং নিম্নস্বাক্ষরকারীর সম্পূর্ণ সিদ্ধান্তে, ১৩.০৯.২০২৪ তারিখের সকাল ১১.০০টা থেকে বিকাল ৪.০০টার মধ্যে তাঁর অনুমোদিত প্রতিনিধি/এজেন্টের মাধ্যমে উক্ত সম্পত্তিগুলির পরিদর্শনের ব্যবস্থা করবেন।

শর্ত ও নিয়মাবলি: ১. এই ই-নিলাম অনলাইন বৈদ্যুতিন বিডিংয়ে ওয়েবসাইট https://www.bankeauctions.com-এর মাধ্যমে ই-অকশন পদ্ধতিতে আয়োজিত হবে **২৬.০৯.২০২৪ তারিখের সকাল ১১.০০টা থেকে দুপুর ২.০০টায়** প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সীমাহীন সম্প্রসারণ সহ। ই-নিলামের বিবরণের জন্য, আগ্রহী বিডারগণ মেসার্স সি১ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, **শ্রী ধরণী কৃষ্ণার সঙ্গে যোগাযোগ করতে পারেন, যোগাযোগ নং ৯৯৪৮১৮২২২২ ই মেল আইডি andhra@c1india.com অথবা ই মেল আইডি support@bankeauctions.com যোগাযোগ নম্বর ৭২৯১৯৮১১২৪/২৫/২৬। ২.** আগ্রহী বিডারগণ নিলামের বিবরণ এবং বিক্রয়ের নিয়ম এবং শর্তাবলীর জন্য ব্যাঙ্কের অফিসিয়াল ওয়েবসাইট https://www.kotak.com/en/bank-auctions.html- ভিজিট করতে পারেন। **৩.** বিক্রয় নিলামের নিয়ম এবং শর্তাবলীর জন্য, বিডারগণকে পোর্টাল https://www.bankeauctions.com এর মাধ্যমে যেতে অনুরোধ করা হচ্ছে এবং বিডিং প্রক্রিয়ার অংশগ্রহণকারী বিডারগণকে উক্ত নিয়ম এবং শর্তাবলী মানতে হবে। **৪.** বিড এবং অন্যান্য নথি আপলোড করার আগে আগ্রহী বিডারগণকে পোর্টাল https://www.bankeauctions.com থেকে লগ ইন আইডি এবং পাসওয়ার্ড জেনারেট করার জন্য অনুরোধ করা হচ্ছে। **৫.** বিড ফর্ম প্রস্তাবিত ফর্মে পূরণ করতে হবে এবং বিডারগণের কেওয়াইই নথি সহ পোর্টাল https://www.bankeauctions.com-এ অনলাইনে ২৫.০৯.২০২৪ তারিখের বিকাল ৪.০০টা পর্যন্ত জমা/আপলোড করতে হবে এবং পূরণ করা স্ক্যান কপি এবং স্বাক্ষরিত বিড নথি এবং বিডারগণের কেওয়াইসি মেল মারফত **vikram.sharma@kotak.com, gargi.dasgupta@kotak.com, vinod.bahrani@kotak.com-তে পাঠাতে হবে। বিডারগণ For purchase of Immovable Property in the matter of "Manpuria Consortium LLP (formerly known M/S Manpuria Enterprises), Manpuria Agro Products Pvt Ltd and Manpuria Realtors Pvt Ltd (formerly known as M/s Ma Tara Stores)" তে ই মেল লিখতে পারেন। ৬.** সম্ভাব্য বিডারগণ মেসার্স সি১ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (ব্যাঙ্ক অকশনস) থেকে উপরোক্ত যোগাযোগ নম্বরে লগ ইন আইডি জেনারেট করা এবং পাসওয়ার্ড এবং অনলাইন বিডিং প্রসেসের অনলাইন প্রশিক্ষণ পেতে পারেন। **৭.** বায়না জমা (ইএমডি) ২৫.০৯.২০২৪ তারিখের বিকাল ৪.০০টার পূর্বে আরটিজিএস/এনইএফটি/ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ক্রেডিট অ্যাকাউন্ট নং ০৬৪১০১২৫২৭২০০১, কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিঃ, নরিম্যান পয়েন্ট ব্রাঞ্চ, মুম্বই-তে জমা করতে হবে। আইএফএসসি কোড: KKBK0000958। ইএমডি অর্থাঙ্ক ছাড়া জমা করা বিড বাতিল করা হবে। প্রস্তাবিত বিডার দ্বারা জমা করা ইএমডির উপর কোনও সুদ দেওয়া হবে না। **৮.** জমা করা বিড মূল্য সংরক্ষণ মূল্যের সমান অথবা উর্ধে হতে হবে এবং বিডিং প্রক্রিয়ার সময়, বিড জমা করা বিডারগণ তাঁদের পুনরায় অফারগুলি ₹১,০০,০০০.০০ (এক লক্ষ টাকা মাত্র) এর গুণিতকে উন্নীত করতে পারবেন। **৯.** ই-নিলাম প্রক্রিয়া বন্ধের শেষ ৫ মিনিট আগে জমা করা বিডের ক্ষেত্রে বন্ধের সময় পরবর্তী ৫ মিনিট বাড়ানো হবে। **১০.** ই নিলাম প্রক্রিয়া বন্ধের ঠিক পরে সর্বাধিক দরদাতা সফল বিডার হিসেবে তৎক্ষণাৎ বা পরের কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% (বায়না জমা সমন্বয় করে) জমা দেবেন। সর্বাধিক বিড অর্থাঙ্কের বাকি ৭৫% বিক্রয়ের গ্রহণ/অনুমোদনের তারিখ থেকে ১৫ দিনের অথবা সম্প্রসারিত মেয়াদে অনুমোদিত আধিকারিকের সম্পূর্ণ সিদ্ধান্তে এবং সিকিউরিটি ইন্টারেস্ট রুলস, ২০০২ এবং সারফায়েসি অ্যাক্ট, ২০০২ এর সংস্থাধীনে জমা করতে হবে। অনুগ্রহ করে খেয়াল করবেন বিক্রয়ের অর্থাঙ্ক প্রদানের সময়সীমা বৃদ্ধি করা হবে না এবং সফল নিলাম ক্রেতার কোনও দাবি করার অধিকার থাকবে না, নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থাঙ্ক প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে। **১১.** সম্পূর্ণ নিলাম মূল্য এবং অন্যান্য আনুষঙ্গিক খরচসমূহ প্রদান না করা পর্যন্ত যতক্ষণ না তাঁর অনুকূলে বিক্রয় সার্টিফিকেট জারি করা হচ্ছে সর্বোচ্চ বিডারের সম্পত্তির উপর কোনও অধিকার এবং স্বত্ব বর্তাবে না। বিক্রয় ই নিলামের নিয়ম এবং শর্তাবলী মেনে হবে এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদনক্রমে। **১২.** যদি সফল বিডার সম্পূর্ণ বিড/নিলাম অর্থাঙ্ক প্রদানে ব্যর্থ হন, সেক্ষেত্রে সফল বিডারের ইতিমধ্যেই জমা করা অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে এবং অসফল বিডার সম্পত্তির অথবা জমা করা অর্থাঙ্ক দাবি করতে পারবেন না। সম্পত্তির নিলামের বিষয়ে সিকিউরিটি ইন্টারেস্ট রুলস, ২০০২ এবং সারফায়েসি অ্যাক্ট, ২০০২ এর সংস্থাধীনে অনুমোদিত আধিকারিক তাঁর প্রতি উপলব্ধ ক্ষমতায় এক বা একাধিক অধিকার প্রয়োগ করতে পারবেন। **১৩.** উপরে উল্লিখিত নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পূর্ণ বিক্রয় বিবেচনার পর, অনুমোদিত আধিকারিক সেল সার্টিফিকেট জারি করবেন, তারপর বিক্রয় সম্পূর্ণ হবে এবং কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক কোনও দাবি গ্রহণ করবে না। **১৪.** নির্ধারিত সময়ে বিক্রয়মূল্যের টাকা পাওয়ার পর অনুমোদিত আধিকারিক সেল সার্টিফিকেট ইস্যু করবেন। বিক্রয়ের পর কোটাক ব্যাঙ্ক নাম বদলের বিষয়ে কোনও অনুরোধ মানবে না। **১৫.** অসফল বিডারদের ইএমডি বাবদ প্রদেয় অর্থাঙ্ক কোটাক মাহিন্দ্র ব্যাঙ্ক লিমিটেড দ্বারা আরটিজিএস/এনইএফটি বা ফান্ড ট্রান্সফার-এর মাধ্যমে ১০ (দশ) কাজের দিনের মধ্যে সুদ ছাড়া পাঠানো হবে। **১৬.** কোনও কারণ না দেখিয়ে জমা পড়া যে কোনও বা সমস্ত দরপ্রস্তাব গ্রহণ বা বাতিল করা এমনকি বিক্রয় প্রক্রিয়ার শর্তাবলি মুলতবি/ সংশোধন /বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিক বহাল রাখেন। ইএমডি বাবদ প্রদেয় অর্থাঙ্ক জমার পরে বিক্রয় প্রক্রিয়া ও কোনো বিড বাতিল করা হলে ইএমডি বাবদ প্রদেয় অর্থাঙ্ক সুদ ছাড়া ফেরৎ দেওয়া হবে। কোনো বিডারের বা অন্য পক্ষের সঙ্গে ব্যক্তিগত বিক্রির বিষয়ে অনুমোদিত আধিকারিক কথাবার্তা বলতে পারেন। **১৭.** ওপরের সূচিতে উল্লিখিত জামিনযুক্ত সম্পত্তিগুলির বিবরণ অনুমোদিত আধিকারিক/ জামিনযুক্ত উত্তমর্ণ দ্বারা যথেষ্ট যত্ন সহকারে তৈরি করা হয়েছে। তা সত্ত্বেও এই ঘোষণাপত্রটিতে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য জবাবদিহি করতে অনুমোদিত অফিসার/ জামিনযুক্ত উত্তমর্ণ বাধ্য থাকবেন না। ব্যাখা করা হচ্ছে যে, এই আহ্বান নিলাম সাপেক্ষে অনুমোদিত আধিকারিক/ জামিনযুক্ত উত্তমর্ণ দ্বারা কোনো প্রতিশ্রুতি নয়। কোনও কারণ না দেখিয়ে জমা পড়া যে কোনও বা সমস্ত দরপ্রস্তাব গ্রহণ বা বাতিল করা এমনকি বিক্রয় প্রক্রিয়ার শর্তাবলি মুলতবি/ সংশোধন /বাতিল করার ও কোনো যোগ্য বিডারকে দায় ছাড়া অযোগ্য বিবেচনার অধিকার অনুমোদিত আধিকারিক বহাল রাখেন। **১৮.** অন্য দায় ব্যা